

উত্তরপত্র / লেকচার -১ (১৬.৯.২০)

ক) এক বাক্যে উত্তর লিখ।

১. কুয়াশার আবরণ ভেদ করে কেবল কী উঁকি দিচ্ছিল আকাশে?

উত্তর: কুয়াশার আবরণ ভেদ করে কেবল সূর্য উঁকি দিচ্ছিল আকাশে।

২. সবাই কোথায় যাচ্ছিল?

উত্তর: সবাই সোনারগাঁও যাচ্ছিল।

৩. কারা সুশৃঙ্খল ভাবে বাসে বসল?

উত্তর: সাবিহা, নমিতা, কবির, সুবীরসহ সবাই সুশৃঙ্খল ভাবে বাসে বসল।

৪. হাসান স্যার ঢাকার ম্যাপ বুলিয়ে কী দেখালেন?

উত্তর: হাসান স্যার ঢাকার ম্যাপ বুলিয়ে সোনারগাঁও দেখালেন।

৫. ঢাকা থেকে সোনারগাঁও এর দূরত্ব কত কি.মি.?

উত্তর: ঢাকা থেকে সোনারগাঁও এর দূরত্ব ২৭ কি.মি.।

৬. ঢাকার কোন দিকে সোনারগাঁও নগরীর অবস্থান?

উত্তর: ঢাকার দক্ষিণ-পূর্ব দিকে সোনারগাঁও নগরীর অবস্থান।

৭. কোন ব্রিজ পার হয়ে একটু এগোলেই সোনারগাঁও?

উত্তর: কাচপুর ব্রিজ পার হয়ে একটু এগোলেই সোনারগাঁও।

৮. সোনারগাঁও এর মাটিতে পা দিয়েই কার মন খুশিতে ভরে উঠল?

উত্তর: সোনারগাঁও এর মাটিতে পা দিয়েই সাবিহার মন খুশিতে ভরে উঠল।

৯. প্রথমেই তাদের কী চোখে পড়ল?

উত্তর: প্রথমেই এক গম্বুজ বিশিষ্ট একটি প্রাচীন মসজিদ তাদের চোখে পড়ল।

১০. গোয়ালদি মসজিদ কিসের জন্য বিখ্যাত?

উত্তর: গোয়ালদি মসজিদ মোঘল স্থাপত্য শৈলির অপূর্ব নিদর্শনের জন্য বিখ্যাত।

১১. গোয়ালদি মসজিদ কখন তৈরি হয়েছিল?

উত্তর: গোয়ালদি মসজিদ তৈরি হয়েছিল মোঘলরা বঙ্গদেশে আসার আগে।

১২. প্রাচীন কালের সমৃদ্ধ নগরীর নাম কী?

উত্তর: প্রাচীন কালের সমৃদ্ধ নগরীর নাম সুবর্ণগ্রাম।

১৩. ঢাকার আগে দক্ষিণ-পূর্ব বাংলার রাজধানীর নাম কী ছিল

উত্তর: ঢাকার আগে দক্ষিণ-পূর্ব বাংলার রাজধানীর নাম ছিল সোনারগাঁও।

Class: চতুর্থ শ্রেণি

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)

Subject: বাংলা ১ম

Topic: ঘুরে আসি সোনারগাঁও

১৪. সোনারগাঁও এর শাসক কে ছিলেন?

উত্তর: সোনারগাঁও এর শাসক ছিলেন ঈষা খাঁ ।

খ) শব্দার্থ লিখ ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ	প্রদত্ত শব্দ	শব্দার্থ
ঐতিহাসিক	ইতিহাস সংক্রান্ত ।	নিদর্শন	দৃষ্টান্ত ।
গম্বুজ	চূড়া ।	শাসনকর্তা	প্রধান শাসক ।
বঙ্গদেশ	বাংলাদেশ, বাংলাদেশ স্বাধীন হওয়ার আগের অবিভক্ত অঞ্চল ।	অঞ্চল	স্থান ।
স্থাপত্য	স্থাপনা কেন্দ্রিক শিল্পকর্ম ।		

গ) নিচের শব্দগুলো দিয়ে বাক্য তৈরি কর ।

ঐতিহাসিক, গম্বুজ, অঞ্চল, নিদর্শন, শাসনকর্তা (শিক্ষার্থীরা নিজে নিজে বাক্য তৈরি করবেন ।)

ঘ) নিচের যুক্তবর্ণগুলো ভেঙ্গে দুটি শব্দ তৈরি করে প্রতিটি যুক্তবর্ণ দিয়ে একটি বাক্য তৈরি কর ।

যুক্তবর্ণ	বর্ণ বিভাজন	দুটি শব্দ তৈরি কর	বাক্য তৈরি কর
ক্ষ	স+ক	স্কুল, স্কেল	আমার স্কুল বন্ধ আছে ।
ল্ল	ল+ল	বল্লম, উল্লাস	নিজে বাক্য তৈরি করবেন ।
ক্ষ	ক+ষ	শিক্ষা, শিক্ষক	শিক্ষার্থীরা নিজে বাক্য তৈরি করবেন ।)
শ্	শ+ (ঋ-ফলা)	শৃঙ্খল, শজ্জা	”
ব্র	ব+ (র-ফলা)	ব্রিজ, ব্রত	”
ঞ্চ	ঞ+চ	অঞ্চল, বঞ্চনা	”
ম্ব	ম+ব	গম্বুজ, কম্বল	”
ঞ্জ	ঞ+জ	গঞ্জ, গুঞ্জন	”